



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন:
৮১৮০১৪৪
ফ্যাক্স:
৮১৮৯০২৯


নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১০৭.১২- ১৩৩০

তারিখঃ ২১/০১/২০১৪ খ্রি:।

বিষয়ঃ প্রকল্পের সুফলভোগী নির্বাচন, সঞ্চয়, ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত অফিস আদেশ।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের আওতাভুক্ত উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করা যাচ্ছে যে, প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ না করে সুফলভোগী সদস্য নির্বাচন করা হচ্ছে যা নিয়ম বহির্ভূত। বাস্তবায়ন নির্দেশিকার পৃষ্ঠা নং-১০ এ উল্লিখিত কমিটির অনুমোদন ব্যতিত কোন সমিতি/সদস্য নির্বাচন করা যাবে না। সমিতির সদস্য নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই সতর্কতা অবলম্বন করতে হবে। ভোটার আইডি কার্ড (বিশেষ বিবেচনায় ভোটার আইডি কার্ড না থাকলে জন্ম নিবন্ধন সনদ গ্রহণ করা যাবে) এবং কালার ছবি ব্যতিত কোন সদস্য নির্বাচন করা যাবে না। দমআকভুক্ত ২১টি উপজেলার পুরাতন যে সকল সদস্যের কালার ছবি ও ভোটার আইডি কার্ড (বিশেষ বিবেচনায় জন্ম নিবন্ধন সনদ) নেই, সে সকল সদস্য থেকে তা সংগ্রহ করতে হবে অন্যথায় পর্যায়ক্রমে তাদের সদস্য পদ বাতিল করতে হবে।

২। প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকদের এই মর্মে সতর্ক করা হচ্ছে যে, সদস্য নির্বাচনসহ নিয়মিত সমিতি পরিদর্শন, সঞ্চয় ও ঋণের কিস্তি আদায়ে আরও দায়িত্বশীল হতে হবে, কেননা প্রকল্প হতে এ বিষয়ে আরও কঠোর সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে।


প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ :-

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা :....., জেলাঃ
২. উপ পরিচালক, বিআরডিবি, জেলা :
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা :....., জেলাঃ
৪. মাঠ সংগঠক (ইরেসপো), উপজেলা :....., জেলাঃ
৫. পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা।
৮. সংশ্লিষ্ট নথি।